

২০২১

বাংলা - সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' — প্রহসন অবলম্বনে ভক্তপ্রসাদ চরিত্রের বৈশিষ্ট্যগুলি যথাযথভাবে বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা,

- (খ) 'মুক্তধারা'য় ব্যবহৃত সংগীত নাটকটির পক্ষে কতদূর প্রয়োজনীয় বলে তুমি মনে করো তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

- ২। (ক) পৌরাণিক কাহিনি নির্ভর 'কারাগার' নাটকে নাট্যকার তাঁর সমকালীন রাজনৈতিক চেতনার সঞ্চর কীভাবে ঘটিয়েছেন আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'টিনের তলোয়ার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

- ৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার-এর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) বাংলা নাটকের ইতিহাসে শ্যামবাজারে নবীনচন্দ্র বসুর থিয়েটারের গুরুত্ব নির্ণয় করো। ১০

- ৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনের সংলাপ প্রয়োগের সার্থকতা বিচার করো। ৫

অথবা,

- (খ) "যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব, এই কথা প্রমাণ করবার ভার আমার উপর।" — উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও। ৫

- ৫। (ক) "আমার প্রাসাদে সব আছে, সব ছিল..... শুধু নাই এই উত্তপ্ত ললাটের অগ্নিদাহ দূর করতে পারে এমন একখানি প্রিয় হাতের চন্দন-পরশ!" — এই সংলাপ অবলম্বন করে 'কারাগার' নাটকে কংস চরিত্রের মানবতার দিকটি সম্পর্কে তোমার অভিমত জানাও। ৫

Please Turn Over

অথবা,

(খ) প্রিয়নাথ মল্লিক চরিত্রটি নাট্য আয়োজনের দিক থেকে কতটা অপরিহার্য 'দিনের তলোয়ার' নাটকটি আলোচনা করে তা বুঝিয়ে দাও। ৫

৬। (ক) 'জোড়াসাঁকো নাট্যশালা' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) সংক্ষেপে আলোচনা করো— 'ন্যাশনাল থিয়েটার' (দ্বিতীয় পর্ব)। ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) "মা ডাকে! মা ডাকে! ফিরে আয়, সুমন, ফিরে আয়"— 'মুক্তধারা' নাটকের এই নেপথ্য উচ্চারণটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "যাও..... গিয়ে সেই শয়তানকে বল, যদুকুলের এই হাত রাজমুকুট ..... এই হাত রাজদণ্ড ..... এই হাত মথুরারাজ্য.... যদু-সন্তান ... স্বকীয় সাধনায় পুনরুদ্ধার করবে"— এই সংলাপটির অন্তঃগূঢ় রাজনৈতিক তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) টীকা লেখো— নবনাট্য আন্দোলন।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) মাইকেল মধুসূদন দত্ত কোন নাটকের সুবাদে বেলগাছিয়া নাট্যশালার সংস্পর্শে এসেছিলেন?

(খ) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' গ্রন্থসনের পূর্বনাম কী ছিল?

(গ) 'মুক্তধারা' কোন শ্রেণির নাটক?

(ঘ) 'বাগবাজার এমেচার থিয়েটার'-এর নাম পরবর্তীকালে বদলে গিয়ে কী হয়েছিল?

(ঙ) "ও যে অমন করে মন্দিরের মাথা ছাড়িয়ে গেল এটা যেন স্পর্ধার মতো দেখাচ্ছে"— কোন বস্তু সম্পর্কে এই মন্তব্য করা হয়েছে?

(চ) "শিক্ষা দিলে কিলের চোটে, / হাড় গুঁড়িয়ে খোয়ের মোয়া"— তোমার পাঠ্য কোন নাটকে এই উদ্ধৃতাংশটি আছে?

(ছ) কোন নাটক অভিনয়ের মধ্য দিয়ে 'ন্যাশনাল থিয়েটার'-এর উদ্বোধন করা হয়েছিল?

(জ) 'ধনঞ্জয় বৈরাগী' চরিত্রটি তোমার পাঠ্য কোন নাটকে আছে?

(ঝ) যাদবরা কোন দেবতার উপাসনা করত?

(ঞ) 'নাট্যনিয়ন্ত্রণ বিল' কত সালে জারি করা হয়?

(ট) বীরকৃষ্ণ দাঁ কে?

(ঠ) "ওদের দুজনের মধ্যে আমার কি একটা স্বপ্ন যেন বাসা বেঁধেছিল কাণ্ডেন বাবু, সে বাসাটা ভেঙে গেল"— কাণ্ডেন বাবু কে?

(ড) "...কত্ৰাটি এমনি খেপে উঠলিই তো আমরা বাঁচি, — গো মড়কেই মুচির পার্বণ"— উক্তিটি কে করেছেন?

(ঢ) "দেখবেন লোকটা আবার ডেপুটি ম্যাজিস্ট্রেট তো, গুলি-টুলি না করে বসে"— কেন একথা বলা হয়েছে?

(ণ) বিজন ভট্টাচার্যের 'নবান্ন' কোন নাট্য-আন্দোলনের উৎসভূমিতে ভূমিষ্ঠ হয়েছিল?